78

ভোরের কাগজ

তারিখ ... FEB. 8 1999 ... ...
পৃষ্ঠা 6 কলাম ... 2 ......

### যৌন নিপীড়নবিরোধী শিক্ষার্থীদের সমাবেশ

# অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা ও অভিযোগ সেল গঠনের দাবি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ে যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীরা অবিলম্বে যৌন নির্যাতনের দায়ে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের জন্য একটি অভিযোগ সেল গঠন ও শিক্ষার্থী-শিক্ষক আচরণ বিধি প্রণয়নের দাবি জানিয়েছে।

গতকাল রোববার তারা উপাচার্যের দপ্তরের সামনে অবস্থান ধর্মঘট পালনের সময় আয়োজিত সংক্ষিপ্ত সমাবেশে এ দাবি জানায়। সমাবেশে বক্তব্য রাখেন আবেদা গুলরুখ বহ্নি, রকিব হাসান প্রমুখ।

বক্তারা বলেন, কর্তৃপক্ষ আচরণ বিধি ও যৌন নিপীড়নবিরোধী সেল গঠনের আশ্বাস দিলেও এ ব্যাপারে কোনো পদক্ষেপ গ্রহণ করছে না। বরং তথ্যানুসন্ধান কমিটির রিপোর্টে যৌন নির্যাতনের ঘটনাকে 'অশিক্ষক সুলভ' বলে ধামা চাপা দেওয়ার চেষ্টা চালানো হচ্ছে। বক্তারা দাবি আদায় না হওয়া পর্যন্ত তাদের আন্দোলন চালিয়ে যাওয়ার অঙ্গীকার ব্যক্ত করে।

অবস্থান ধর্মঘট চলাকালে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক এ কে এম নূর উন নবী তাদের সঙ্গে সাক্ষাৎ করেন। ছাত্রছাত্রীরা তাদের দাবি দাওয়ার ব্যাপারে প্রক্টরকে প্রশ্ন করলে তিনি কিছু জানাতে পারেননি বলে ছাত্রছাত্রীরা জানিয়েছে।